

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৩৭

২০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ মৃতদের জন্য নারীদের বিলাপ করার বিষয়ে নিষেধাজ্ঞা

ذِكْرُ الزَّجْرِ عَنْ نِيَاحَةِ النِّسَاءِ عَلَى مَوْتَاهُنَّ

আরবী

3137 _ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ بِحَرَّانَ قَالَ: حَدَّقَنَا النُّفَيْلِيُّ قَالَ: حَدَّقَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرَةَ عَنْ عَائِشَةَ قَالَتْ: لَمَّا جَاءَ نَعْيُ زَيْدِ بْنِ حَارِثَة عَمْرِو عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ عَمْرَةَ عَنْ عَائِشَةَ قَالَتْ: لَمَّا جَاءَ نَعْيُ زَيْدِ بْنِ حَارِثَة وَجَعْفَرٍ وَعَبْدِ اللَّهِ بْنِ رَوَاحَةَ جَلَسَ رَسُولُ اللَّهِ صَلِّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعرَفُ فِي وَجْهِهِ وَجَعْفَرٍ وَعَبْدِ اللَّهِ بْنِ رَوَاحَةَ جَلَسَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعرَفُ فِي وَجْهِهِ الْحُزْنُ فَأَتَاهُ رَجُلُ فَقَالَ: هَذِهِ نِسَاءُ جَعْفَرٍ يَنُحْنَ عَلَيْهِ وَقَدْ أَكْثُرْنَ بُكَاءَهُنَّ قَالَ: فَأَمْرَهُ أَنْ لُطُعْنَهُ فَأَمْرَهُ الثَّانِيةَ أَنْ يَنْهَاهُنَّ يَنْهَاهُنَّ فَلَكُرَ أَنَّهُ نَهَاهُنَّ فَأَيْنِ أَنْ يُطِعْنَهُ فَأَمْرَهُ الثَّانِيةَ أَنْ يَنْهَاهُنَّ عَلَيْهِ وَسَلَّمَ وَمَكُثَ شَيْئًا ثُمَّ رَجَعَ فَذَكَرَ أَنَّهُ نَهَاهُنَّ فَأَبِيْنَ أَنْ يُطِعْنَهُ فَأَمْرَهُ الثَّانِيةَ أَنْ يَنْهَاهُنَّ قَالَتْ عَمْرَةُ: فَقَالَتْ عَمْرَةُ: فَقَالَتْ عَائِشَةُ قَالَ: فَذَكَرَ أَنَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَا أَنْتَ عَرْدَ ذَلِكَ أَرْغَمَ اللَّهُ بِآنَافِهِنَّ وَاللَّهِ مَا تَرَكْتَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَا أَنْتَ عِنْدَ ذَلِكَ أَرْغَمَ اللَّهُ بِآنَافِهِنَّ وَاللَّهِ مَا تَرَكْتَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَا أَنْتَ بَعْاطَل.

الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3137 ا خلاصة حكم المحدث: صحيح – ((صحيح أبي داود)) (2734): ق.

বাংলা

৩১৩৭. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "যখন যাইদ বিন হারিসা, জা'ফর বিন আবী তালিব ও আব্দুল্লাহ বিন রাওয়াহা রাদ্বিয়াল্লাহু আনহুমদের মৃত্যু সংবাদ আসলো, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বসেন, এমন অবস্থায় তাঁর চেহারায় দুঃখিত হওয়ার ছাপ পরিলক্ষিত হচ্ছিল। এসময় এক ব্যক্তি এসে বলেন, "জা'ফর বিন আবী তালিব রাদ্বিয়াল্লাহু আনহুর পরিবারের নারীরা বিলাপ করছে এবং অত্যধিক কারা করছে।" রাবী বলেন, "তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে (কারা-বিলাপ করতে) বারণ করার জন্য তাকে আদেশ করেন। তারপর সেই ব্যক্তি কিছুক্ষন পর ফিরে এসে বলেন যে, তিনি তাদেরকে নিষেধ



করেছেন কিন্তু তারা তার কথা মানেননি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে দ্বিতীয়বার তাদেরকে নিষেধ করার আদেশ দেন।

রাবী বলেন, "সেই ব্যক্তি আবারো এসে বলেন যে, তারা তাকে পরাভূত করেছে। তখন সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তবে তাদের মুখে তুমি মাটি নিক্ষেপ করো!"

আমরাহ বলেন, "তখন আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "আল্লাহ তাদের নাকগুলোকে ধুলোমলিন করুন। আল্লাহর কসম, তুমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ছাড়ছো না আবার নিজেও কিছু করতে পারছো না!" [1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১২৯৯; সহীহ মুসলিম: ৯৩৫; সুনান বাইহাকী: ৪/৫৯; নাসাঈ: ৪/১৪-১৫; আবূ দাউদ: ৩১২২; মুসনাদ আহমাদ: ৬/২৭৬-২৭৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৩৯২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২৭৩৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন